

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন

১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

www.dyd.gov.bd

নং-৩৪.০১-০০০০.০০৭.২৭.০৫০.২০১৬- ৩০৬

তারিখঃ ২২/১১/১৬ খ্রিঃ

আদেশ

যেহেতু, জনাব মোঃ মনিরুজ্জামান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর উলিপুর, কুড়িগ্রাম (০৩-১২-২০১৪ খ্রিঃ হতে কর্মরত); উক্ত কার্যালয়ের রাজস্ব খাতের ঋণ কর্মসূচির হিসাব হতে ৯৭,৫০০/- (সাতানব্বই হাজার পাঁচশত) টাকা এবং সমাপ্ত “উত্তরবঙ্গের ০৭টি জেলার বেকার যুবদের কর্মসংস্থানের জন্য সুযোগ সৃষ্টি” শীর্ষক প্রকল্পের ঋণের হিসাব হতে ৭,০০,০০০/- (সাত লক্ষ) টাকা নিজ নামে উত্তোলনপূর্বক আত্মসাত করেন;

যেহেতু, তিনি ইম্প্যাক্ট প্রকল্পের বায়োগ্যাস স্থাপনের নিমিত্ত ৩০ জনের অনুকূলে সাবসিডি়র টাকা উত্তোলন করে ১৪টি প্লান্ট স্থাপন করেন; অবশিষ্ট ১৬ জনের নামে উত্তোলিত অর্থ তিনি আত্মসাত করেন; প্লান্ট স্থাপনকারী ১৪ জনের মধ্যে ০৩(তিন) জনের টাকা পরিশোধ না করে তিনি আত্মসাত করেন;

যেহেতু, তিনি ইতোপূর্বে রংপুর জেলাধীন তারাগঞ্জ উপজেলায় কর্মকালীন উক্ত কার্যালয়ের বাড়ীভাড়া বাবদ ৩০,০০০/- টাকা, টেলিফোন বিল বাবদ ৪,৪১৪/- টাকা এবং বিদ্যুৎ বিল বাবদ ২,৭৩০/- টাকা উত্তোলনপূর্বক আত্মসাত করেন;

যেহেতু, তিনি অর্থ আত্মসাত ছাড়াও বিভিন্ন অনৈতিক কার্যকলাপের সাথে জড়িত; তার কার্যকলাপের জন্য স্থানীয়ভাবে যুব উন্নয়ন অধিদপ্তরের ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে;

যেহেতু, বর্ণিত অবস্থায় তাকে সরকারী কর্মচারী(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক চাকুরি হতে সাময়িক বরখাস্তকরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষণে, সেহেতু সরকারী কর্মচারী(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ১১(১) বিধি অনুসারে জনাব মোঃ মনিরুজ্জামান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, উলিপুর, কুড়িগ্রাম-কে সরকারী চাকুরী হতে সাময়িক বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি মোতাবেক খোরপোষভাতা(Subsistence Allowance) প্রাপ্য হবেন।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন : ৯৫৫৯৩৮৯
তারিখঃ ২২/১১/১৬ খ্রিঃ

নং-৩৪.০১-০০০০.০০৭.২৭.০৫০.২০১৬- ৩০৬

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ০১। পরিচালক(দাঃ বিঃ ও ঋণ), যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। আদেশটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো
- ০৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, কুড়িগ্রাম(বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবহিত করতে অনুরোধ করা হলো)।
- ০৪। সহকারী পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা(পত্রটি সংশ্লিষ্ট কর্মকর্তার নথিতে সংরক্ষণ করতে অনুরোধ করা হলো)
- ০৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, উলিপুর, কুড়িগ্রাম।
- ✓ ০৬। জনাব মোঃ মনিরুজ্জামান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর কুড়িগ্রাম।
- ০৭। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক(শৃঙ্খলা)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা